যুগান্তর

তারিখ 13 AUG 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা শুরু আজ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা আজ সারা দেশে ৬৮৪টি কেন্দ্রে একযোগে শুরু হবে। ১ হাজার ৭৮২টি কলেজের ২ লাখ ৯৯ হাজার ৩৪ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করবেন। এ পরীক্ষা প্রতিদিন দুপুর দেড়টা থেকে শুরু হয়ে বিকাল ৫টায় শেষ হবে। পরীক্ষা গ্রহণের সব প্রস্তুতি এরই মধ্যে সম্পন্ন হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছেন।